যুগান্তর

তারিখ ... 27 MAY 2016 ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৬...

একাদশ শ্রেণীতে ভর্তি

# প্রতি মিনিটে আবেদন ১২৪টি

যুগান্তর রিপোর্ট

কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির আবেদন গ্রহণ শুরু হয়েছে। বৃহস্পতিবার সকাল ৯টায় অনলাইন এবং এসএমএসে একযোগে আবেদন কার্যক্রম উন্মুক্ত করা হয়। বিকাল সাড়ে ৪টা পর্যন্ত প্রথম ৭ ঘণ্টায় ৫২ হাজারের কিছু বেশি আবেদন জমা পড়েছে। সে হিসাবে প্রতি মিনিটে আবেদন করেছে ১২৪ জন। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান এবং কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন এ তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে আবেদন প্রক্রিয়া শুরুর পর প্রথম কয়েক ঘণ্টা এসএমএসে ফি জমা বিড়ম্বনায় পড়েছিল শিক্ষার্থীরা। জানা গেছে, বুয়েটের সার্ভার এবং টেলিটকের সার্ভারের মধ্যে সমন্বয়ের ঘাটতির কারণে এ সমস্যা হয়েছিল। এ কারণে শিক্ষার্থীদের আবেদন করতে দীর্ঘ সময় ব্যয় করতে হয়।

এ ব্যাপারে অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, আসলে সার্ভারে কোনো ত্রুটি ছিল না। ভুয়া আবেদন ঠেকাতে এবার আমরা ভর্তিতে আগে টাকা জমা নিচ্ছি। টাকা জমা দেয়াকালে শিক্ষার্থী

■ পৃষ্ঠা ৭ : কলাম ২

# প্রতি মিনিটে আবেদন ১২৪টি

(৩য় পৃষ্ঠার পর)

এসএমএসে যে তথ্য সরবরাহ করে, তার সঙ্গে বোর্ডের বা বুয়েটের সার্ভারে সংরক্ষিত তথ্যও যাচাই করতে হয়। এরপর ফিরতি এসএমএস যায়। এ প্রক্রিয়ায় কিছুটা বিলম্ব হচ্ছিল। কিন্তু এ সমস্যা এখন আর নেই।

এবার দ্বিতীয়বারের মতো অনলাইন ও এসএমএসে আবেদন নিচ্ছে সরকার। বুয়েটের কারিগরি সহায়তায় এ আবেদন গ্রহণ কার্যক্রম সম্পন্ন হচ্ছে। গত বছর ৫টি কলেজে আবেদন করা যেত। এবার ২০টি কলেজে আবেদন করা যাবে। এর মধ্যে অনলাইনে একসঙ্গে ১০টির জন্য আবেদন করা গেলেও একটি এসএমএসে একাধিক কলেজে আবেদন করা যাবে না। ১০টি এসএমএসে ১০টি কলেজের জন্য আবেদন করা যাবে। অনলাইনে একটি আবেদনের জন্য ১৫০ টাকা নেয়া হবে। তবে এসএমএসে একটি আবেদনের জন্য ১২০ টাকা নেয়া হবে। সেই হিসাবে ১০টি আবেদনের জন্য ১২০০ টাকা লাগবে। ৯ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে।

ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন বলেন, 'আমি শিক্ষার্থীদের পরামর্শ দেব তারা যেন সর্বোচ্চসংখ্যক কলেজের জন্য আবেদন করে। কেননা, এবার মাইগ্রেশন এবং দ্বিতীয়বার আবেদনের সুযোগ নেই। এজন্য, আবেদনের কলেজ সংখ্যা বাড়ানো হয়েছে, যাতে তার কোথাও না কোথাও চান্স হয়।' তিনি আরও বলেন, '২০ কলেজে আবেদন মানেই ভর্তি নয়। আমরা ২০ কলেজের মেধা তালিকা ও অপেক্ষমাণ তালিকা প্রকাশ করব।